ইত্তেফাক

তারিখ ... 20|2|79 ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

175

## সাহারায় তুষারপাত

আলজিয়ার্স হইতে এএফপি জানায়, স্মরণকালের মধ্যে গত রবিবার সাহারা মরুভূমিতে প্রথম তুষারপাত ঘটে। আলজিরিয়ার দক্ষিণ প্রান্তে হাসি রামেল, বেরাইন, আলগুহাত ও গারদিয়ায় এই তুষারপাত হয়। কয়েকটি স্থানে অর্ধ ঘণ্টার তুষারপাতে রাস্তাঘাটে যানবাহন চলাচল বন্ধ হইয়া পড়ে। অবশ্য কয়েক ঘণ্টা পরে বরফ গলিয়া যায়।